

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নওগাঁ সদর, নওগাঁ  
naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪৬০.০০০.০২.০০৫.২৩- ৭৮১

তারিখ ২১/০৫/২০২৩ খ্রিঃ।


বিষয়: ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দে ইজারাকৃত জলমহালের ১৪৩০ বঙ্গাব্দের ইজারামূল্য, ভ্যাট ও আয়কর জমা প্রদান প্রসঙ্গে।

সূত্র: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ এর ১৬/০৪/২০২৩ তারিখের ৩১.৪৩.৬৪০০.১০৬.০২.০১৮-৪/১৩/২৩ (জলমহাল)-৬১০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রদত্ত ২৩/০২/২০২৩ তারিখে সিদ্ধান্তের বিরুদ্ধে জনাব হাফিজুর রহমান সভাপতি, পাহাড়পুর মৎস্যজীবি সমবায় সমিতি লি: নওগাঁ সদর, নওগাঁ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ বরাবরে আপিল দায়ের করলে ৩/১৩/২০২৩ (জলমহাল) আপিল মামলা সৃজিত হয়। উক্ত মামলায় ১৬/০৪/২০২৩ তারিখে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয় আদেশ প্রদান করেন উক্ত আদেশে আপিলকারীর আপিল না মঞ্জুর করা হয়েছে এবং জলাশয়টি সভাপতি/সাধারণ সম্পাদক, আবাদপুর দক্ষিণপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম-আবাদপুর, ডাকঘর-হাট চকগৌরী, উপজেলা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ অনুকূলে প্রদত্ত ২৩/০২/২০২৩ তারিখের সিদ্ধান্ত বহাল রাখা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত রায়ের প্রেক্ষিতে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দে ০৩ (তিন) বছরের জন্য মকমলপুর, দাগ নম্বর-২২১, পরিমাণ- ২.৩৬ একর জলমহালটি বিপরীতে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দে আপনার দাখিলকৃত ইজারামূল্য ৯০,৫০০/- টাকা হিসেবে ১৪৩০ বঙ্গাব্দের জন্য প্রদেয় ইজারামূল্য ৩০.১৬৭/- টাকা, ১৫% ভ্যাট ৪,৫২৫/- টাকা এবং ১০% আয়কর ৩,০১৭/-টাকা এ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ইজারাকৃত পুকুরের ইজারামূল্য, ভ্যাট ও আয়কর সংশ্লিষ্ট খাতে (জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নম্বর কোডে, ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে এবং আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ কোডে) জমা প্রদান করে চালানোর কপি অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, উক্ত সময়ের মধ্যে বর্ণিত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ছাড়াই উক্ত ইজারা বাতিল করা হবে এবং জামানত বাজেয়াপ্ত করাসহ আপনার সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মিঃ ইমাম উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার  
নওগাঁ সদর, নওগাঁ  
ফোনঃ ০১৭৩০-৪৬০০০৬

সভাপতি/সাধারণ সম্পাদক  
আবাদপুর দক্ষিণপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি  
গ্রাম-আবাদপুর  
ডাকঘর-হাট চকগৌরী  
উপজেলা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ।  
মোবাইল নং- ০১৭৮২-৯৬৪৬৬০

অনুলিপি:

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

০১. মেয়র, নওগাঁ পৌরসভা।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
০৩. সহকারী কমিশনার (ভূমি), নওগাঁ সদর, নওগাঁ।
০৪. চেয়ারম্যান, বর্ষহিল ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
০৫. অফিস কপি।